# ৬ষ্ঠ উপজেলা পরিষদের ২য় মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মস্তাক আহমদ পলাশ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, কানাইঘাট
তারিখ : ১৮ জুলাই ২০২৪
সময় : সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, জুন-২০২৪ মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আন্তঃ বিভাগে মোট ভর্তি রোগী ৬২০ জন, জরুরী বিভাগে সেবা প্রদান করা হয় ১২৬৮ জন, বহিঃ বিভাগে সেবা প্রদান করা হয় ৭১৭৩ জন। হাসপাতালে মোট ডেলিভারী রোগীর সংখ্যা ৪৬ জন। চক্ষু কর্ণারে সেবা প্রাপ্ত মোট ২৫২ রোগী জন, রোগী রেফার করা হয়েছে ১২ জন, চশমা প্রদান করা হয়েছে ৩১ জন রোগীকে। তাছাড়াও বন্যা পরবর্তীসময়ে মেডিকেল টিমের কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা সভায় জানান, অত্র উপজেলার প্রত্যেক ইউনিয়নে বিট পুলিশ ও কমিনিউটি পুলিশ দ্বারা আইন-শৃঙ্খলা কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | আইন-শৃঙ্খলা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অফিসার ইনচার্জ কানাইঘাট থানাকে অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয় খোলা রয়েছে। সাম্প্রতিক কয়েক দফা বন্যায় বিদ্যালয়ে লেখাপড়ার অনেক ক্ষতি হয়েছে। শিক্ষার্থীদের এ ক্ষতি পূরণের জন্য শিক্ষকদের আন্তরিকতার সাথে পাঠদান করার জন্য উদ্বুদ্ধ হয়েছে। ইউনিয়ন পর্যায়ে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৪ সম্পন্ন হয়েছে। খুব শীঘ্রই বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৪ উপজেলা পর্যায়ে শুরু হবে বলে সভাকে অবহিত করেন। | প্রাথমিক শিক্ষা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, এইচএসসি/আলিম-২০২৪ গত ০৭-০৭-২০২৪ খ্রিঃ তারিখ হতে শুরু হয়ে অদ্যাবধি | মাধ্যমিক শিক্ষা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | চলমান রয়েছে এবং ২০২২ সালের ডিগ্রি পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা চলমান রয়েছে। ষান্মাসিক সমষ্টিক মূল্যায়ন পরীক্ষা গত ০৩-০৭-২০২৪ খ্রিঃ তারিখে সকল বিদ্যালয় ও মাদ্রাসায় শুরু হয়েছে। জুন-২০২৪ মাসে ০২ টি বিষয়ে মাধ্যমিক স্তরের শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে বলে সভাকে অবহিত করেন। | কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | কানাইঘা[ট] |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, পাহাড়ী ঢলে আকস্মিক বন্যার কারণে অত্র উপজেলা প্রত্যেক ইউনিয়নের ছোট-বড় ভেঙ্গে যাওয়া রাস্তার তালিকা করা হচ্ছে এবং বুরহান উদ্দিন রাস্তা মেরামতে জন্য ৯৭লক্ষ টাকার প্রাক্কলন অনুমোদনের অপেক্ষায় রয়েছে। অন্যান্য রাস্তা মেরামতের জন্য ১কোটি টাকার প্রাক্কলন নির্বাহী প্রকৌশলীর দপ্তর পাঠানো হয়েছে।তিনি আরোও জানান যে অত্র উপজেলায় ০৪(চার)টি প্রাথমিক বিদ্যালয়ে ভবনের কাজ ১৮(আঠার)টি সীমানা প্রাচীর এর কাজ ও ০৩(তিন)টি ব্রীজের কাজ চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | অত্র উপজেলায় বন্যায় ক্ষতিগ্রস্থ সকল রাস্তার তালিকা দ্রুত তৈরী করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে খরিপ-২/২০২৪-২৫ মৌসুমে প্রণোদনা ও পুনর্বাসন কর্মসূচির আওতায় রোপা আমন (উফসী) ও নারিকেল আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ,রাসায়নিক সার ও নারিকেল চারা সুষ্ঠুভাবে বিতরণ সম্পন্ন হয়েছে বলে সভাকে অবহিত করেন। তিনি আরোও জানান যে, অত্র উপজেলার ডিলারগণের নিকট বীজ ও সার পর্যাপ্ত মজুদ রয়েছে। | উপজেলা কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান বর্ষা মৌসুমে মৎস্যজীবীদের মধ্যে নিষিদ্ধঘোষিত জাল দ্বারা মাছ আহরণ এবং মাছের পোনা আহরণ/নিধনের প্রবনতা লক্ষ্য করা যায়। মৎস্য সংরক্ষণ আইনের পরিপন্থী কোন অবৈধ উপায়ে জলাশয় হতে যাতে কেউ মৎস্য আহরণ/নিধন করতে না পারে সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরোও জানান উদ্বুদ্ধকরণের পাশাপাশি অভিযান/মোবাইল কোর্টের মাধ্যমে মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়াও আগামী ৩০ জুলাই হতে ০৫ আগস্ট পর্যন্ত দেশব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ উদ্‌যাপিত হবে। এ উপলক্ষ্যে বিভিন্ন কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণ ও সহযোগিতা কামনা করেন। | সুষ্ঠু ও সুন্দরভাবে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ উদ্‌যাপনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার সভায় অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান,ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রকল্পের আওতায় ১৬ জন খামারীদের মাঝে ২০ টি করে হাঁস বিতরণ করা | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে। বন্যা পরবর্তী বিভিন্ন এলাকায় গবাদিপশু পাখির ভ্যাক্সিনেশন ও চিকিৎসা কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে উন্নত জাতের ঘাস নেপিয়ারের কাটিং মজুদ আছে নিয়মিত খামারীদের মাঝে ঘাসের কাটিং বিতরণ কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | হলো। | |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত সকল কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | উপজেলা সমাজসেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ৩ দফা বন্যায় প্লাবিত অত্র উপজেলায় সকল ইউনিয়নে চাল ১৫৭ মে:টন,শুকনা খাবার ৫৫০ প্যাকেট, শিশু খাদ্য,গো খাদ্য বিতরণ করা হয়েছে এবং আশ্রয়কেন্দ্রে শুকনো খাবার,রান্না করা খাবার বিতরণ করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পরিবার পরিকল্পনা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, আইসিভিজিডি কর্মসূচির আওতায় ৯৭৭ জন উপকারভোগীদের মধ্যে ০৯ টি ইউনিয়নে রিফ্রেশার প্রশিক্ষণ চলমান রয়েছে।VWB কর্মসূচির বরাদ্দ না থাকায় জুলাই-২৪ মাসের খাদ্যশস্যের ডিও ইস্যু করা যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ডিও প্রদান করা হবে। উপকাভোগীদের চুক্তিবদ্ধ এনজিও দ্বারা জীবন দক্ষতামুলক প্রশিক্ষণ চলমান রয়েছে। অত্র উপজেলায় ০৯(নয়)টি ইউনিয়ন ও ০১(এক)টি পৌরসভা সহ মোট ১০(দশ)টি কিশোর-কিশোরী ক্লাব রয়েছে এবং ক্লাবের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান, তৃণমূল পর্যায়ে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে অত্র উপজেলায় গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ(পুরুষ ও মহিলা) আগামী মাস থেকে শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে। অফিস আদেশ পাওয়ার পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে চিঠির মাধ্যমে অবহিত করা হবে। তিনি আরোও জানান যে, আগামী ২১ জুলাই /২০২৪ হতে ২২ জুলাই/২০২৪ তারিখে অত্র উপজেলায় কর্মরত অঙ্গীভূত আনসার সদস্যদের মাঝে বাৎসরিক ফায়ারিং সিলেট লাক্কাতুড়া চা বাগান | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম সংলগ্ন (পশ্চিম পাশে)পাহাড়ের ঢালে অনুষ্ঠিত হবে বলে সভাকে অবহিত করেন। | | |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ সভায় জানান, উপজেলা পল্লীবিদ্যুৎ বিভাগের কার্যক্রম যথারীতি চলামান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লীবিদ্যুৎ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান যে, তথ্য আপা প্রকল্পের আওতাধীন অত্র উপজেলায় প্রতিমাসে ডোর টু ডোরের মাধ্যমে ৩৫০ জন নারীকে সেবা দেওয়া হয় এবং ০৫ জন উদ্যোক্ত নিবন্ধন করা হয়। ০৩(তিন)টি উঠান বৈঠকের মাধ্যমে নারীদের সচেতনতা ও লালসবুজ ডটকমের মাধ্যমে নারী উদ্যোক্ত রেজিস্টেশন করা হয় বলে সভাকে অবহিত করেন। | তথ্য আপা প্রকল্পের আওতাধীন ইউনিয়ন ভিত্তিক উঠান বৈঠকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, ২০২২-২০২৩ অর্থ বছরের ধার্যকৃত নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল ১০০% আদায় করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় যুবউন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় বন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা বিট কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, মানবসম্পদ উন্নয়নে গ্রামীণ পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি প্রকল্পের আওতায় চড়িপাড়ায়(৩৫০-৭০০)পরিবারের মধ্যে পানি সরবরাহ স্কীম বাস্তবায়নের কার্যাদেশ হয়েছে। অল্প কিছুদিনের মধ্যে কাজ শুরু হবে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্যনিয়ন্ত্রয়কের প্রতিনিধি সভায় জানান, বোরো মৌসুমের ধান সংগ্রহ হয়েছে ২৯৮ মে.টন। ওএমএস কার্যক্রম চলমান রয়েছে। কানাইঘাট পৌরসভার ০২(দুই)টি ওএমএস দোকান থেকে প্রতিদিন ১ টন চাল ও ০১ টন আটা বিক্রি হচ্ছে। প্রতি কেজি চালের মূল্যে ৩০(ত্রিশ) টাকা ও প্রতি কেজি আটার দাম ২৪(চব্বিশ) টাকা বলে সভাকে অবহিত করেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান, উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রতিনিধি সভায় জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট সিলেট এর কার্যক্রম বিভাগীয় নির্দেশ মোতাবেক কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত | উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | করেন। | | |
| ২৪ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যা[illegible] ইউনিয়ন পরি[illegible] (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৫ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ৩৮ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ২৮টি এবং ১০ টি মামলা অনিষ্পত্তি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিস্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | (ক) সকল অনিস্পন্ন মামলা দ্রুত নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৬ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |
| ২৭ | অবৈধ স্থাপনা উচ্ছেদ | চেয়ারম্যান,০২ নং ইউ/পি সভায় জানান যে, বর্ডার সীমানা হইতে সরুইঘাট বাজার পর্যন্ত সরুই নদীর দুইপার্শ্বে অবৈধভাবে বাঁশদিয়ে গড় দেওয়ার কারণে নদীটি ছোট হয়ে যায়। পাহাড়ী ঢল আসার পর নদী দিয়ে পানি কম যাওয়ার কারণে রাস্তার উপর দিয়ে পানি যাওয়ায় রাস্তা ভেঙ্গে যায়। সরুইনদীর দুইপার্শ্বে দখল উচ্ছেদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অবহিত করেন।<br>সভাপতি জানান, অত্র উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নে নদী,খালের মধ্যে অবৈধ স্থাপনা,বাঁধ অবৈধভাবে জায়গা দখল থাকলে তা উচ্ছেদ | অত্র উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নে নদী,খালের মধ্যে বাঁধ,অবৈধ স্থাপনা বা অবৈধভাবে জায়গা দখল থাকলে তাঁহার তালিকা প্রদানের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট,সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | | |
| ৮ | হাট-বাজার | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, আদালতের আদেশ এবং স্থানীয় জনগণের আগ্রহের প্রেক্ষিতে ১৪৩১ বাংলা সনের জন্য কানাইঘাট উপজেলার হাট-বাজার (গাছবাড়ী বাজার) পুণরায় ইজারা বিজ্ঞপ্তি নীতিমালা অনুযায়ী প্রকাশ করা যেতে পারে। | হাট-বাজারের নীতিমালা অনুযায়ী বিজ্ঞপ্তি প্রকাশের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>কানাইঘাট, সিলেট |
| ২৯ | উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান গঠন | সভাপতি জানান যে,উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ১৫(১)ধারা অনুযায়ী উপজেলা পরিষদ গঠিত হইবার পর প্রথম সভার এক মাসের মধ্যে ভাইস চেয়ারম্যানগণ তাহাদের নিজেদের মধ্যে হইতে অগ্রাধিকারক্রমে দুই সদস্যবিশিষ্ট একটি চেয়ারম্যান প্যানেল নির্বাচিত করিবেন। ভাইস চেয়ারম্যানগণ তাহাদের নিজেদের মতামতের প্রেক্ষিতে (১) জনাব হাফিজ মাও,আলতাফ হোসেন ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ ,কানাইঘাট কে প্যানেল চেয়ারম্যান - ১ ও (২) জনাব রোকসানা জাহান,ভাইসচেয়ারম্যান(মহিলা) উপজেলা পরিষদ কানাইঘাটকে প্যানেল চেয়ারম্যান - ২ নির্বাচিত করা হয়। উক্ত গঠিত নির্বাচিত প্যানেল চেয়ারম্যানদ্বয়কে অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন। | জনাব হাফিজ মাও,আলতাফ হোসেন ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ ,কানাইঘাট কে প্যানেল চেয়ারম্যান - ১ ও (২) জনাব রোকসানা জাহান ,ভাইস চেয়ারম্যান(মহিলা) উপজেলা পরিষদ কানাইঘাটকে প্যানেল চেয়ারম্যান - ২ নির্বাচিত করা হয়। উক্ত গঠিত নির্বাচিত প্যানেল চেয়ারম্যানদ্বয়কে সভায় অনুমোদন করা হলো। | উপজেলা পরিষদ<br>কানাইঘাট, সিলেট |
| ৩০ | উপজেলা পরিষদের ১৭ টি কমিটি গঠন | সভাপতি জানান, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (পুনঃপ্রবর্তন আইন,২০০৯ এবং সংশোধিত আইন,২০১১) এর ২৯ ধারায় উপজেলা পরিষদের ১৭টি কমিটি বিধি মোতাবেক গঠন করা হয়েছে। উক্ত কমিটি অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের ১৭টি কমিটি বিধি মোতাবেক অনুমোদন করা হলো। | উপজেলা পরিষদ<br>কানাইঘাট, সিলেট |
| ৩১ | বিবিধ | ১. সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী বাবদ ব্যয়; (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান /ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা/ভ্রমণ ভাতা (গ) মালি,পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ; (ঘ) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ ব্যয়;(ঙ)অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ব্যয়;(চ) আসবাবপত্র ক্রয় বাবদ ব্যয়;(ছ) উপজেলা পরিষদ নামীয় প্যাড,খাম,ভিজিটিং কার্ড তৈরী বাবদ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>২. উপজেলা নির্বাহী অফিসার জানান যে, কানাইঘাট উপজেলা পরিষদের সরকারি জীপ গাড়ি নং সিলেট-ঘ-১১-০২৪৯। বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট | ১. উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. কানাইঘাট উপজেলা পরিষদের সরকারি জীপ গাড়ি নং সিলেট-ঘ-১১-০২৪৯। বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি সহকারী পরিচালক (ইঞ্জিঃ)-এর কার্যালয় সিলেট সার্কেল, সিলেট এর স্মারক নং-বিআরটিএ/সপ/সিল-২৪-১০৮৬,তারিখঃ ০৯-০৭-২০২৪ইং এর প্রতিবেদনের আলোকে অকেজো ঘোষণা করে নতুন গাড়ী বরাদ্দের জন্য | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>কানাইঘাট, সিলেট |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব ফারজানা নাসরীন | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব লুৎফুর রহমান | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব হাফিজ মৌ: আলতাফ হোসেন | ভাইস চেয়ারম্যান ,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব রোকসানা জাহান | ভাইস চেয়ারম্যান (মহিলা) ,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো: তমিজ উদ্দিন | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ জামাল উদ্দিন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো ঃ আবু তাহিয়ীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মো: আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মো: আফসার উদ্দিন | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মোঃ লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণবাণীগ্রাম ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নং ঝিঙ্গাবাড়ী ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব শামসুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব ডাঃ এরফানুল হক | প্রতিনিধি উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব বিশ্বজিৎ রায় | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মো: সফিকুল ইসলাম ভূঁইয়া | উপজেলা মৎস্য কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মো: সোহেল আহমদ | প্রতিনিধি অফিসার ইনচার্জ, কানাইঘাট থানার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মো: আবু হানিফা | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব রকিবুল ইসলাম তালুকদার | উপজেলা শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলে | স্বাক্ষরিত |
| ২০ | জনাব নুর মোহাম্মদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মো : জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মোস্তাফিদুল হক | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মোঃ কবির হোসেন | প্রতিনিধি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মুর্শিদা বেগম | প্রতিনিধি উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব পনিরুজ্জামান | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব মো: জামাল উদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মো: রকিবুল ইসলাম | উপজেলা ডিজিএম,পল্লীবিদ্যুৎ সমিতি-২,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব মো: এনামুল হক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩০ | জনাব সুনিল কুমার সিং | প্রতিনিধি উপজেলা স্টেশন অফিসার,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩১ | জনাব ফাহমিদা খানম | উপজেলা তথ্য আপা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট - খ

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০২ | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তার,কানাইঘাট,সিলেট |
| ০৩ | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা ইউডিএফ পরিচালন উন্নয়ন প্রকল্প,কানাইঘাট,সিলেট |

CamScanner